

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ
কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা।



মুক্তির
মতবাদী

বিষয়: লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২০-২০২১ এর আওতায় দাপ্তরিক কর্মকাণ্ডে স্বচ্ছতা বৃক্ষি ও জবাবদিহি নিশ্চিতকরণে সেবা প্রদান প্রতিশুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ সভার কার্যবিবরণী।

লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ২০২০-২১ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে বিগত ১৪-০৩-২০২১ খ্রি: তারিখ রবিবার বেলা ১১.০০ ঘটিকায় লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের যুগ্মসচিব (ড্রাঃ) ও এপিএ কমিটির চিমপ্রধান জনাব মোঃ রফিকুল হাসানের সভাপতিত্বে স্বাস্থবিধি অনুসরণপূর্বক ভার্চুয়ালি একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত প্রতিনিধিদের তালিকা পরিশিষ্ট ‘ক’ তে সংযুক্ত।

২. সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার আলোচ্যসূচি অনুযায়ী যাবতীয় বিষয়াদি উপস্থাপনের জন্য এপিএ কমিটির সদস্য জনাব এস.এম. শাফায়েত হোসেনকে আহ্বান জানান। এ পর্যায়ে তিনি সভাকে জানান যে, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ২০২০-২১ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সূচক নং ১.৪ এ উল্লিখিত সেবা প্রদান প্রতিশুতি বিষয়ে প্রদান প্রতিশুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণের জন্য এ সভা আহ্বান করা হয়েছে। তিনি সভায় এ বিভাগের সিটিজেনস চার্টার সম্পর্কে বিস্তারিত ধারণা প্রদান করেন। সভার এ পর্যায়ে সভাপতি মহোদয় Rules of Business এবং Allocation of Business অনুযায়ী লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সেবা ও সংগঠনিক কাঠামো সম্পর্কে ধারণা দেন। সভাপতি মহোদয় সভায় উপস্থিত কর্মকর্তাদের লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সেবা প্রদান সম্পর্কে উপস্থিত প্রতিনিধিগনের অভিমত জানতে চান। অর্থনৈতিক সম্পর্ক বিভাগের উপসচিব ড. দেলোয়ার হোসেন এ বিভাগের কাজ ও কাজের মান সম্পর্কে সন্তুষ্টি প্রকাশ করেন এবং নথি নিষ্পত্তিতে ধাপ করানোর বিষয়ে মতামত প্রদান করেন। সভায় অংশগ্রহণকারী মন্ত্রণালয়/বিভাগের কর্মকর্তাগণ লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সামগ্রিক কাজ ও কাজের মান সম্পর্কে সন্তুষ্টি প্রকাশ করেন।

সিদ্ধান্ত:

অর্থনৈতিক সম্পর্ক বিভাগ হতে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে নথি প্রেরণের ক্ষেত্রে ধাপ করানোর বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উভয় বিভাগের সচিব মহোদয়কে সুপারিশ প্রদান করা হবে।

৩. সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি মহোদয় সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৪/০৩/২০২২
(নথি: রফিকুল হাসান)

যুগ্ম-সচিব (ড্রাঃ)

এবং

চিম প্রধান, এপিএ